



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.১৯.০০২.২০১৬.৮৭

তারিখ : ১৪/০১/২০২৪ খ্রি.

### অফিস আদেশ


মাদারীপুর জেলার রাইজের উপজেলাধীন সরকারি রাইজের কলেজের বেসরকারি আমলে কর্মরত (পদ সৃজন হয়নি) অধ্যক্ষ জনাব মরিয়ম মুজাহিদা আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের সাথে প্রেরিত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, সরকারি রাইজের কলেজটি 'জাতীয়করণকৃত কলেজ শিক্ষক ও অ-শিক্ষক কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০০০' আলোকে ৩০-০৩-২০১৬ তারিখে সরকারিকরণ করা হয়। অধ্যক্ষ'সহ কলেজে কর্মরত শিক্ষক-কর্মচারীদের পদ সৃজন প্রক্রিয়া চলমান অবস্থায় ০৯/০৮/২০১৬ তারিখে মাধ্যমিক ও উচ্চ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিসিএস(সাধারণ শিক্ষা) ক্যাডার হতে অধ্যক্ষ পদে পদায়ন করা হয়। উক্ত পদায়নের আদেশের বিরুদ্ধে কর্মরত অধ্যক্ষ জনাব মরিয়ম মুজাহিদা মহামান্য হাইকোর্টে মামলা করেন। ফলে পদায়নের আদেশ স্থগিত করা হয় এবং মামলা চলমান অবস্থায় পদায়নকৃত অধ্যক্ষ অবসরে চলে যান। পরবর্তীতে অধ্যক্ষ জনাব মরিয়ম মুজাহিদা স্বপদে (অধ্যক্ষ হিসেবে) পদ সৃজনের জন্য মহামান্য হাইকোর্টে ৮৪৯৩/২০১৯ নং Writ Petition মামলা দায়ের করেন যা ০৯/০৩/২০২৩ তারিখে Rule Absolute with direction দিয়ে নিষ্পত্তি হয়। উল্লিখিত তথ্যাদি ও মামলা সংক্রান্ত বিষয়াদি বিবেচনাপূর্বক জনাব মরিয়ম মুজাহিদা (বেসরকারী আমলে নিয়োগকৃত ও কর্মরত, পদ সৃজন হয়নি) অধ্যক্ষ হিসেবে প্রশাসনিক দায়িত্ব প্রদান এবং কলেজে আর্থিক দায়িত্ব (আয়ন-ব্যয়ন কর্মকর্তা) প্রদানের বিষয়ে অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা ও শিক্ষা কর্মকর্তা (আইন)-এর মতামত নেওয়া হয়।

সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদি পর্যালোচনা এবং বিজ্ঞ আইন উপদেষ্টা ও শিক্ষা কর্মকর্তা (আইন)-এর মতামতের ভিত্তিতে জনাব মরিয়ম মুজাহিদা (বেসরকারী আমলে নিয়োগকৃত, পদ সৃজন হয়নি) অধ্যক্ষ হিসেবে কর্মরত থাকায়, তাকে বিধি মোতাবেক কলেজ পরিচালনার লক্ষ্যে অধ্যক্ষ পদের প্রশাসনিক দায়িত্ব পালনের অনুমতি প্রদান করা হলো এবং ২০০০ বিধিতে আত্মীকৃত জনাব মো: আব্দুল জলিল, প্রভাষক (হিসাববিজ্ঞান)-কে অধ্যক্ষের অনুমতি সাপেক্ষে সরকারি ও বিভিন্ন আর্থিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শর্ত মোতাবেক আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনের অনুমতি প্রদান করা হলো। একই সাথে অধিদপ্তরের ২৩/০১/২০২৩ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১০০ সংখ্যক অফিস আদেশের কার্যকারিতা এতদ্বারা বাতিল করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে অধ্যক্ষের পদ সৃজন ও এডহক নিয়োগ হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- ২। অধ্যক্ষের অনুমোদনক্রমে প্রয়োজ্য বিধি অনুযায়ী জনাব মো: আব্দুল জলিল, প্রভাষক (হিসাববিজ্ঞান)-কে আর্থিক কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য অধ্যক্ষ (জনাব মরিয়ম মুজাহিদা) ও আয়ন-ব্যয়নকারী কর্মকর্তা (জনাব মো: আব্দুল জলিল) সমানভাবে দায়ী থাকবেন। নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। জনাব মো: আব্দুল জলিল এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



(মোঃ তানভীর হাসান-১৮৩৮৯)

সহকারী পরিচালক (কলেজ-২)

ফোন নং- ৪১০৫০৬২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ৪) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫) উপজেলা নির্বাহী অফিসার-----;
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৭) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ৮) জনাব মরিয়ম মুজাহিদা, অধ্যক্ষ, সরকারি রাইজের কলেজ, রাইজের, মাদারীপুর;
- ৯) জনাব মো: আব্দুল জলিল, সরকারি রাইজের কলেজ, রাইজের, মাদারীপুর;
- ১০) ব্যাংক ম্যানেজার -----;
- ১১) সংরক্ষণ নথি।